

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩২৪

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ মরণকে স্মরণ এবং কামনা-বাসনা কম করার গুরুত্ব

আরবী

وَعَن ابنِ مَسْعُوْدٍ قَالَ: خَطَّ النَّبيُّ عَلِيْ خَطًا مُربَّعاً وَخَطَّ خَطًا في الوَسَطِ خَارِجاً مِنْهُ وَخَطَّ خُطَطاً صِغَاراً إِلَى هَذَا الَّذِي في الْوسَطِ مِنْ جَانِبهِ الَّذِي في الوَسَط فَقَالَ هَذَا الْإِنْسَانُ وَهذَا أَجَلُهُ مُحيطاً بِهِ - أَوْ قَدْ أَحَاطَ بِهِ - وَهذَا الَّذِي هُوَ خَارِجٌ أَمَلُهُ وَهذِهِ الْخُطَطُ الصِّغَارُ الأَعْرَاضُ فَإِنْ أَخْطاً هُ هَذَا نَهَسَهُ هَذَا وَإِنْ أَخْطاً هُ هَذَا نَهَسَهُ هَذَا رواه البخاري

বাংলা

(৩২৪) ইবনে মাসঊদ (রাঃ) থেকে বর্ণিত, একদিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি চতুর্ভুজ আঁকলেন এবং এর মাঝখানে একটি রেখা টানলেন যেটি চতুর্ভুজের বাইরে চলে গেল। তারপর দু পাশ দিয়ে মাঝের রেখার সাথে ভিতরের দিকে কয়েকটা ছোট ছোট রেখা মেলালেন এবং বললেন, এ মাঝামাঝি রেখাটা হল মানুষ। আর চতুর্ভুজিট হল তার মৃত্যু; যা তাকে ঘিরে রেখেছে। আর বাইরের দিকে বর্ধিত রেখাটি হল তার আশা-আকাজ্ফা। আর ছোট ছোট রেখাগুলো নানা রকম বিপদাপদ। যদি সে এর একটাকে এড়িয়ে যায়, তবে অন্যটা তাকে আক্রমণ করে। আর অন্যটাকেও যদি এড়িয়ে যায়, তবে পরবর্তী অন্য একটি তাকে আক্রমণ করে।

ফুটনোট

(বুখারী ৬৪১৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদল্লাহ ইবন মাসউদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন